একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
বহিরাগমন শাখা-২।

বিষয়: সুরক্ষা সেবা বিভাগের উদ্ভাবনী উদ্যোগ "অনলাইনে নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই এর মাল্টি ইউজার সফট্ওয়্যার বাস্তবায়ন" বিষয়ক আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোঃ আজহারুল হক, অতিরিক্ত সচিব, (নিরা: ও বহি:) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। |
| তারিখ ও সময় | : | ১৯ ফেব্রুয়ারি ২০২০, বিকাল ৩.০০ ঘটিকা। |
| স্থান | : | কক্ষ নং-৩১৪, ৪র্থ তলা। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক ।

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন যে বহির্বিশ্বে অবৈধভাবে অবস্থানকারী বাংলাদেশিগণের স্বদেশে প্রত্যাবাসনের জন্য বাংলাদেশ দূতাবাসসমূহ সুরক্ষা সেবা বিভাগের নিকট নাগরিকত্ব/প্রাক পরিচয় যাচাই এর আবেদন প্রেরণ করে থাকেন। সুরক্ষা সেবা বিভাগ প্রাপ্ত আবেদন সমূহ এস বি/এনএসআই এর নিকট প্রেরণ করে বাংলাদেশী নাগরিকত্বের বিষয়টি নিশ্চিত করে বা প্রাক পরিচিতি যাচাই পূর্বক মিশনসমূহ কে প্রত্যাবাসনে সম্মতি জ্ঞাপন করে থাকে। মিশন হতে ডিপ্লোমেটিক ব্যাগে পররাষ্ট্র মন্ত্রণালয় হয়ে সুরক্ষা সেবা বিভাগ, সুরক্ষা সেবা বিভাগ হতে এসবি, এসবি হতে সুরক্ষা সেবা বিভাগ এবং সুরক্ষা সেবা বিভাগ হতে পররাষ্ট্র মন্ত্রণালয় হয়ে মিশন সমূহে প্রতিবেদন পৌছাতে মাসাধিক কাল ব্যয় হয়ে যায়। এছাড়া এসবি এর নিকট প্রেরিত, নিস্পন্ন, অনিস্পন্ন পত্রের হিসাব সংরক্ষণের নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগের কোন অনলাইন/ম্যানুয়াল ডেটাবেইস না থাকায় অনিস্পন্ন পত্রের নিস্পত্তির জন্য কার্যকরভাবে তদারকিও সুরক্ষা সেবা বিভাগের পক্ষে সর্বদা করা সম্ভব হয় না।

০২। সভাপতি আরো বলেন যে এই সমস্যা নিরসনে এবং চাহিত জনসেবা অগ্রাধিকার ভিত্তিতে প্রদানের জন্য নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই নিমিত্ত সুরক্ষা সেবা বিভাগের উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসেবে সিনিয়র সহকারি সচিব মনিরা হক প্রস্তাবিত একটি মাল্টি ইউজার অনলাইন সফটওয়্যার ডেভেলপ করার উদ্যোগ সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। এই পর্যায়ে জনাব মনিরা হক, সিনিয়র সহকারি সচিব উদ্ভাবনী উদ্যোগটির একটি প্রাথমিক ধারনামূলক কর্মপদ্ধতি সভায় উপস্থাপন করেন এবং সফটওয়্যারের কার্যপদ্ধতির একটি রূপরেখা প্রদর্শন করেন। তিনি বলেন যে এই অনলাইন সিস্টেমে বহির্বিশ্বের বাংলাদেশ মিশনসমূহ কর্তৃক নাগরিকত্ব যাচাই এর আবেদন সমূহ অগ্রায়ন/এন্ট্রি করার জন্য একটি পেইজ থাকবে। অনলাইনে এন্ট্রিকৃত আবেদন পররাষ্ট্র মন্ত্রণালয় এই সফটওয়্যার এর মাধ্যমেই সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করবে যা সুরক্ষা সেবা বিভাগ যাচাই পূর্বক কোন ক্ষেত্রে সরাসরি এসবি এবং কোন ক্ষেত্রে প্রথমে নির্বাচন কমিশন এবং স্থানীয় সরকার বিভাগের নিকট প্রেরণ করবে। এই অনলাইন সফটওয়্যারের সাথে নির্বাচন কমিশন জাতীয় পরিচয় পত্রের ডেটাবেইস এর ইনফরমেশন শেয়ারিং থাকলে নাগরিকত্ব যাচাই সফটওয়্যার স্বয়ংক্রিয় ভাবে এনআইডি যাচাই করে নিতে পারবে এবং সে সংক্রান্ত তথ্য সিস্টেমে প্রদর্শন করতে পারবে। নির্বাচন কমিশন বা এসবি যাচাই কার্যক্রম শেষে অনলাইন সফটওয়্যারেই প্রতিবেদন এন্ট্রি করবে। অনলাইন প্রতিবেদন প্রাপ্তির পর সুরক্ষা সেবা বিভাগ আবেদনকারীর নাগরিকত্ব যাচাই বিষয়ক প্রতিবেদন/তথ্য অনলাইনে এন্ট্রি করে পররাষ্ট্র মন্ত্রণালয় বা মিশন সমূহে প্রেরণ করে দিলে সিস্টেমের মাধ্যমে তাৎক্ষণিকভাবে মিশনসমূহ পেয়ে যাবে। সফটওয়্যারের ড্যাশবোর্ড এর ব্যবস্থা রাখা হবে যাতে মোট আবেদনের সংখ্যা, নিস্পন্ন/অনিস্পন্ন আবেদনের সংখ্যা প্রদর্শিত হবে। সুরক্ষা সেবা বিভাগের ওয়েবসাইটে অনলাইন সফটওয়্যারের লিঙ্ক দেয়া থাকবে।

০৩। সভাপতি মহোদয় বলেন যে নাগরিকত্ব/ প্রাক পরিচিতি যাচাই এর পাশাপাশি সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক প্রদেয় সমজাতীয় অন্যান্য সেবা সমূহের জন্য এই প্লাটফরমটিকে ব্যবহার করা যেতে পারে। এতে অনলাইন সেবা প্রাপ্তিতে সেবা গ্রহীতার ভোগান্তি বহুলাংশে হ্রাস পাবে। সেবা প্রাপ্তিতে Time, cost and visit (TCV) হ্রাস পাবে। কার্যকরিভাবে দাপ্তরিক কার্যক্রম মনিটরিংও সম্ভবপর হবে। সর্বোপরি এর মাধ্যমে ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত রাষ্ট্রে পরিণত হওয়ার পথে এগিয়ে যেতে সক্ষম হবে।

০৪। পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি পরিচালক, কনস্যুলার এবং এমআরপি বলেন প্রবাসে অবৈধ ভাবে অবস্থানকারী অবৈধ বাংলাদেশি স্বদেশে প্রত্যাবর্তন করতে চান। কিন্তু সনাক্তকরণে বিলম্ব হওয়ার জন্য আসতে সক্ষম হচ্ছেন না, তাদের আবেদনই মূলত মিশনসমূহ কর্তৃক এই সফটওয়্যারে প্রেরিত হবে। ইউরোপীয় ইউনিয়নভুক্ত দেশ সমূহের উদ্যোগে স্বাক্ষরিত স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউরের এর আওতায় প্রবাসে অনিয়মিতভাবে অবস্থানরত যে সমস্ত বাংলাদেশিদের দেশে প্রত্যাবাসন করা হয় তাদের জন্য আইওএম এর উদ্যোগে পৃথক একটি সফটওয়্যার (রিটার্নি কেইস ম্যানেজমেন্ট সিস্টেম) প্রণয়নের কাজ প্রারম্ভিক পর্যায়ে রয়েছে এবং সেই আবেদন সমূহ সুরক্ষা সেবা বিভাগের প্রস্তাবিত সফটওয়্যারে আসবেনা তাই প্রত্যাবাসনের কাজ ডুপ্লিকেশন হওয়ার সম্ভাবনা নেই। সভায় উপস্থিত এসবি প্রতিনিধি বলেন প্রত্যাবাসনের একই ব্যাক্তির আবেদন এসবি একাধিকবার বিভিন্ন দফতর থেকে পেয়ে থাকে। এই সমস্যা নিরসন হওয়া প্রয়োজন। প্রস্তাবিত সফটওয়্যারটি বাস্তবায়িত হলে মনিটরিং এর মাধ্যমে এই সমস্যা নিরসন করা সম্ভব হবে। সুরক্ষা সেবা বিভাগের চীফ ইনোভেশন কর্মকর্তা মত প্রকাশ করেন যে আগামি এপ্রিলের মধ্যে ইনোভেশন প্রস্তাবটি বাস্তবায়ন করার কর্মসূচী গ্রহণ করা যেতে পারে।

০৫। **বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :**

০৬। নিম্নোক্ত ৮টি মডিউল নিয়ে প্রস্তাবিত অনলাইন সফটওয়্যারটি প্রণয়ন করা হবেঃ

(১) প্রবাসে অবস্থানকারী বাংলাদেশি নাগরিকবৃন্দের স্বদেশে প্রত্যাবাসনের উদ্দেশ্যে নাগরিকত্ব /প্রাক পরিচিতি যাচাই সংক্রান্ত মডিউল।

(২) BEPZA তে কর্মরত বিদেশি নাগরিকবৃন্দের নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত মডিউল।

(৩) NGO তে কর্মরত বিদেশি নাগরিকবৃন্দের নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত মডিউল।

(৪) NGO নিবন্ধনে মতামত প্রদান সংক্রান্ত মডিউল।

(৫) চাকুরী প্রার্থীদের নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত মডিউল।

(৬) দ্বৈত নাগরিকত্বের পুলিশ প্রতিবেদন সংক্রান্ত মডিউল।

(৭) নাগরিকত্ব প্রদানের নিরাপত্তা ছাড়পত্র সংক্রান্ত মডিউল।

(৮) ভিসা প্রদানে পুলিশ প্রতিবেদন সংক্রান্ত মডিউল।

৭। নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই এর আবেদন এসবি/এনএসআই এর নিকট প্রেরণের পূর্বে এনআইডি ডেটাবেইস এর সাথে ইন্টিগ্রেশনপূর্বক স্বয়ংক্রিয়ভাবে যাচাই করা হবে। উক্ত কাজ সম্পাদনের লক্ষ্যে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে হোস্টেড জাতীয় পরিচয়পত্রের মিরর সার্ভারের সাথে সুরক্ষা সেবা বিভাগের সফটওয়্যারের ইন্টিগ্রেশনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে বিসিসি এর সাথে দাপ্তরিক যোগাযোগ ত্বরান্বিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৮। নাগরিকত্ব/প্রাক পরিচিতি যাচাই এর উদ্দেশ্যে সুরক্ষা সেবা বিভাগের সফটওয়্যারের সাথে জন্মসনদ ডেটাবেইসের ইন্টিগ্রেশনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের বিস্তারিত মতামত জানার জন্য স্থানীয় সরকার বিভাগকে পত্র প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৯। মডিউলসমূহে অনলাইনে আবেদন এবং প্রয়োজনীয় কাগজ পত্র পাওয়ার পর তা অনলাইনে প্রযোজ্য ক্ষেত্রে এসবি, এনএসআই ও ডিজিএফআই এর নিকটে প্রেরণ করা হবে। অনলাইনে এসবি, এনএসআই এবং ডিজিএফআই এর নিকট থেকে প্রতিবেদন প্রাপ্তির পরে অনলাইনেই যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনান্তে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে প্রেরণ করা হবে। অনলাইন কার্যক্রম প্রিন্ট গ্রহণপূর্বক নথিতে সংরক্ষণ করা যাবে।

১০। সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক বাজেটের ইনোভেশন খাতে ২০১৯-২০ অর্থ বছরে প্রাপ্ত বরাদ্দ হতে পাবলিক প্রকিউরমেন্ট রুলস, ২০০৮ অনুসরণ পূর্বক সফটওয়্যারটি ডেভেলপ এবং প্রকিউর করার সুপারিশ করা হলো। প্রয়োজনবোধে সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক বাজেটের অন্যান্য খাতের অব্যায়িত বরাদ্দ হতে অর্থ মন্ত্রণালয়ের পূর্বানুমতি সাপেক্ষে এই ইনোভেশনটি বাস্তবায়ন করা যেতে পারে।

স্বাক্ষরিত/-
২৬.০২.২০২০
(মোঃ আজহারুল হক)
অতিরিক্ত সচিব (নিরা: ও বহি)
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

নং-৫৮.০০.০০০০.০৪১.০২১.০০৩.২০২০-৩২৯ তারিখ: ০৫.০৩.২০২০ খ্রি.

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
০২। সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
০৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা।
০৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, ঢাকা।
০৫। জনাব ড. তরুণ কান্তি শিকদার, অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৬। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, মালিবাগ, ঢাকা।
০৭। জনাব মল্লিক সাইদ মাহবুব, যুগ্মসচিব ও সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৮। জনাব মোঃ আইয়ুব হোসেন, প্রোগ্রামার, সদস্য, ইনোভেশন টিম, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):

সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

Monira
০৫/০৩/২০২০
(মনিরা হক)
সিনিয়র সহকারী সচিব

Resolution-NVR